

স্মারক নং-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০২.১২-১০৮


তারিখ : ১০ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ  
২৪ মে, ২০১৫ খ্রিস্টাব্দ

### বিজ্ঞপ্তি

বিষয়ঃ দশম জাতীয় সংসদের ৯১ মাগুরা-১ আসনের নির্বাচনী এলাকায় সাধারণ ছুটি ঘোষণা।

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে আগামী ৩০ মে, ২০১৫ খ্রিঃ তারিখ, শনিবার দশম জাতীয় সংসদের ৯১ মাগুরা-১ নির্বাচনী এলাকার শূন্য আসনের নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচন উপলক্ষে দশম জাতীয় সংসদের ৯১ মাগুরা-১ আসনের নির্বাচনী এলাকাধীন সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও বেসরকারি অফিস/প্রতিষ্ঠান/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ এবং সরকারি, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীবৃন্দ তাদের স্ব স্ব ভোটাধিকার প্রয়োগ ও ভোটগ্রহণের সুবিধার্থে ভোটগ্রহণের দিন ৩০ মে, ২০১৫ খ্রিঃ /১৬ জ্যৈষ্ঠ, ১৪২২ বঙ্গাব্দ শনিবার দশম জাতীয় সংসদের ৯১ মাগুরা-১ আসনের নির্বাচনী এলাকায় সাধারণ ছুটি (সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় যদি উক্ত তারিখে কোন পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হয় তাহলে পরীক্ষার কেন্দ্রসমূহ ও পরীক্ষা সংশ্লিষ্ট শিক্ষক/কর্মচারীগণ সাধারণ ছুটির আওতা বহির্ভূত থাকবে) ঘোষণা করা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(মোঃ আলমগীর হোসেন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫১৪৪৯২  
[regulation4@mopa.gov.bd](mailto:regulation4@mopa.gov.bd)

বিতরণ জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব/সচিব, ..... (সকল মন্ত্রণালয়/বিভাগ।
- ০৪। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ০৫। পি এস ও, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ০৬। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৭। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রচার মাধ্যমে সম্প্রচারের অনুরোধসহ)।
- ০৮। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ০৯। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ১০। জেলা প্রশাসক, মাগুরা।
- ১১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৩। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় ছাপানোর অনুরোধসহ)।
- ✓ ১৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রদানের অনুরোধসহ)।

